# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৪০

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪২. (দুধ আটকে রেখে) স্তন ফুলানো পশু বিক্রয় করা।

بَاب بَيْعِ الْمُصَرَّاةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا صَدَقَةُ بْنُ سَعِيدٍ الْحَنَفِيُّ، حَدَّثَنَا جُمَيْعُ بْنُ عُمَيْرٍ التَّيْمِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " يَا أَيُّهَا النَّاسُ مَنْ بَاعَ مُحَفَّلَةً فَهُوَ بِالْخِيَارِ ثَلاَثَةَ أَيَّامٍ فَإِنْ رَدَّهَا رَدَّ مَعَهَا مِثْلَىْ لَبَنِهَا ـ أَوْ قَالَ مِثْلَ لَبَنِهَا ـ قَمْحًا " .

বাংলা

২/২২৪০। আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকসকল! যে ব্যক্তি (দুধ জমা করে) স্তন ফুলানো পশু ক্রয় করবে তার জন্য তিন দিনের এখতিয়ার থাকবে। সে যদি তা ফেরত দেয় তবে তার সাথে দুধের সমপরিমাণ দুধ অথবা দুধের সমপরিমাণ গম দিবে।

## English

'Abdullah bin 'Umar said:
"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever buys a Muhaffalah, (1) he has the choice (of annulling the deal) for three days. If he returns it, then he must also give wheat equal to twice, the amount of its milk, or equal to the amount of its milk."'

ফুটনোট

আবূ দাউদ ৩৪৪৬। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী জুমায় বিন উমায়র আত-তায়মী সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি রাফিদী মতাবলম্বী ও জাল (বানিয়ে) হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন, তিনি শীয়া মতাবলম্বী। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৯৬৬, ৫/১২৪

নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42855

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন